

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
পরিবহন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১২১.১৮.০২১.০৮- ১২৭

০৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ  
তারিখ : -----  
২২ এপ্রিল, ২০২১ খ্রি.

## পরিপত্র

সরকারি গাড়িচালক এবং কারিগরি কর্মচারীদের দাপ্তরিক সাজ-পোশাকের প্রাপ্যতা যুগোপযোগীকরণের লক্ষ্যে এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত সকল পরিপত্র/অফিস স্মারকসমূহ বাতিলপূর্বক সাজ-পোশাকের প্রাপ্যতা, রং ও মূল্য সরকার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে :

### গাড়িচালক (পুরুষ) :

#### (ক) গ্রীষ্মকালীন :

নং	দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা	মেয়াদ	রং ও মূল্য
১.	হাফ সাফারি ০৩ সেট	প্রতি ০২ বছরের জন্য	চকলেট, ২৫০০/-টাকা (প্রতি সেট)
২.	ক্যাপ ০২ টি	প্রতি ০২ বছরের জন্য	১৫০/-টাকা (প্রতিটি)
৩.	জুতা ০২ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ২০০০/-টাকা (প্রতি জোড়া)
৪.	স্যাম্পেল সু ০২ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৫০০/-টাকা (প্রতি জোড়া)
৫.	মোজা ০৪ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৫০/-টাকা (প্রতি জোড়া)
৬.	ছাতা ০১ টি	প্রতি ০২ বছরের জন্য	কালো, ৩০০/-টাকা (প্রতিটি)
৭.	নামফলক ০১টি	প্রতি ০২ বছরের জন্য	১৫০/-টাকা (প্রতিটি)

#### (খ) শীতকালীন :

৮.	ফুল সাফারি ০১ সেট	প্রতি ০২ বছরের জন্য	চকলেট, ৩০০০/-টাকা (প্রতি সেট)
৯.	ভি-গলা ফুল সোয়েটার ০১টি	প্রতি ০২ বছরের জন্য	নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতিটি)

### গাড়িচালক (মহিলা) :

#### (ক) গ্রীষ্মকালীন :

নং	দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা	মেয়াদ	রং ও মূল্য
১.	হাফ সাফারি/থ্রি পিস ০৩ সেট	প্রতি ০২ বছরের জন্য	চকলেট, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ২৫০০/-টাকা (প্রতি সেট)
২.	চামড়ার জুতা ০২ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	মেরুন/কালো, ১৮০০/-টাকা (প্রতি জোড়া)
৩.	চামড়ার স্যাম্পেল ০২ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	মেরুন/কালো, ১৫০০/-টাকা (প্রতি জোড়া)
৪.	মোজা ০৪ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৫০/-টাকা (প্রতি জোড়া)
৫.	লেডিস ছাতা ০১ টি	প্রতি ০২ বছরের জন্য	রঞ্জিন, ৩০০/-টাকা (প্রতিটি)
৬.	নামফলক ০১টি	প্রতি ০২ বছরের জন্য	১৫০/-টাকা (প্রতিটি)

#### (খ) শীতকালীন :

৭.	থ্রি পিস ফুল হাতা/ফুল সাফারি ০১ সেট	প্রতি ০২ বছরের জন্য	চকলেট, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ৩০০০/-টাকা (প্রতি সেট)
৮.	কার্ডিগান ০১টি	প্রতি ০২ বছরের জন্য	নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতিটি)

কারিগরি কর্মচারী :


(ক) কারিগরি কর্মচারী (পুরুষ) :

নং	দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা	মেয়াদ	রং ও মূল্য
১.	এপ্রোন ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	গ্রে কালার, ৩৫০০/-টাকা (প্রতি সেট)
২.	ডাংরি ০৩ সেট	প্রতি ০২ বছরের জন্য	কালো, ২০০০/-টাকা (প্রতি সেট)
৩.	ফুল প্যান্ট/ফুল শার্ট ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	প্যান্ট কালো/শার্ট আকাশী, ২০০০/- টাকা (প্রতি সেট)
৪.	চামড়ার জুতা ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	কালো, অক্সফোর্ড সু ২০০০/- টাকা (প্রতি সেট)
৫.	মোজা ০৪ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৫০/-টাকা (প্রতি জোড়া)
৬.	ছাতা ০১ টি	প্রতি ০২ বছরের জন্য	কালো, ৩০০/-টাকা (প্রতিটি)
৭.	ভি-গলা সোয়েটার ০১টি	প্রতি ০২ বছরের জন্য	নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতিটি)
৮.	নামফলক	প্রতি ০২ বছরের জন্য	১৫০/-টাকা (প্রতিটি)
৯.	হেলমেট ১টি	প্রতি ০২ বছরের জন্য	২৫০০/- টাকা (প্রতিটি)
১০.	সেফটি গ্লাস (চশমা) ১টি	প্রতি ০২ বছরের জন্য	১০০০/- টাকা (প্রতিটি)
১১.	হ্যান্ড গ্ল্যাভস	প্রতি ০২ বছরের জন্য	৪০০/- টাকা (প্রতি জোড়া)
১২.	মাস্ক ১টি	প্রতি ০২ বছরের জন্য	২০০/- টাকা (প্রতিটি)

(খ) কারিগরি কর্মচারী (মহিলা)

নং	দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা	মেয়াদ	রং ও মূল্য
১.	এপ্রোন ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	গ্রে কালার, ৩০০০/-টাকা (প্রতি সেট)
২.	ডাংরি ০৩ সেট	প্রতি ০২ বছরের জন্য	গাঢ় নীল, ২০০০/-টাকা (প্রতি সেট)
৩.	থ্রি পিস ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	অফিস প্রধানের পছন্দ অনুযায়ী, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ২০০০/-টাকা (প্রতি সেট)
৪.	কার্ডিগান ফুল হাতা	প্রতি ০২ বছরের জন্য	নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতি সেট)
৫.	চামড়ার জুতা ০২ সেট/স্যাম্পেল ০২ সেট	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৮০০/-টাকা (প্রতি সেট)
৬.	মোজা ০৪ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ১৫০/-টাকা (প্রতি জোড়া)
৭.	ছাতা ০১ টি	প্রতি ০২ বছরের জন্য	রঙিন, ৩০০/-টাকা (প্রতিটি)
৮.	নামফলক	প্রতি ০২ বছরের জন্য	১৫০/-টাকা (প্রতিটি)
৯.	হেলমেট ১টি	প্রতি ০২ বছরের জন্য	২৫০০/- টাকা (প্রতিটি)
১০.	সেফটি গ্লাস (চশমা) ১টি	প্রতি ০২ বছরের জন্য	১০০০/- টাকা (প্রতিটি)
১১.	হ্যান্ড গ্ল্যাভস	প্রতি ০২ বছরের জন্য	৪০০/- টাকা (প্রতি জোড়া)
১২.	মাস্ক ১টি	প্রতি ০২ বছরের জন্য	২০০/- টাকা (প্রতিটি)

২. সাজ-পোশাক খাতের বরাদ্দ এবং একান্ত প্রয়োজন হলে সরকারি যানবাহন অধিদপ্তরকে প্রদত্ত প্রতি অর্ধবছরের সামগ্রিক সম্পদসীমার (Resource Ceiling) মধ্যেই এ বাবদ ব্যয় সংকুলান করতে হবে।
৩. সাজ-পোশাকের ক্ষেত্রে দেশীয় টেক্সটাইল এবং দেশীয় দ্রব্য সামগ্রীকে অগ্রাধিকার দিতে হবে।
৪. অফিস সময়ে গাড়িচালক ও কারিগরি কর্মচারীদের প্রদত্ত সাজ-পোশাক পরিধান করা বাধ্যতামূলক। অন্যথায় সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনক্রমেই সাজ-পোশাকের অর্থ নগদায়ন করা যাবে না।
৫. সাজ-পোশাক ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
৬. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

  
(মোহাম্মদ সাহেদুল ইসলাম)  
উপসচিব

ফোন : ৯৫৪৫৫৩৩


admintrans@mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১২১.১৮.০২১.০৮- ১২৭

০৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ  
তারিখ : -----  
২২ এপ্রিল, ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল)।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. গার্ড ফাইল।

  
22/8/2021  
(মোহাম্মদ সাহেদুল ইসলাম)  
উপসচিব